# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি দুনিয়াতে খ্যাতি লাভের জন্য এবং লোক দেখানো ইবাদত করবে, সে ব্যক্তি পরকালে তার আমলের কোন সাওয়াব পাবে না

## ذِكْرُ إِثْبَاتِ نَفْيِ الثَّوَابِ فِي الْعُقْبَى عَنْ مَنْ رَاءَى وَسَمَّعَ فِي أَعْمَالِهِ فِي الدُّنْيَا

---

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ أَخْبَرَنَا الْمُلَائِيُّ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ قَالَ
سَمِعْتُ جُنْدُبًا يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ أَسْمَعْ أَحَدًا غَيْرَهُ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَنَوْتُ قَرِيبًا مِنْهُ فَسَمِعْتُهُ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَنْ سَمَّعَ يُسَمِّعُ اللَّهُ بِهِ وَمَنْ رَاءَى يرائي الله به."
الراوي : جُنْدُب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 406 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪০৬. সালামা বিন কুহাইল রহিমাহুল্লাহ বলেন, আমি জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন। তিনি ছাড়া আমি কাউকেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন’ বলতে শুনিনি। এজন্য আমি জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহুর কাছাকাছি হলাম। অতঃপর আমি তাঁকে বলতে শুনলাম, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি খ্যাতি লাভের জন্য আমল করবে, আল্লাহ তাকে খ্যাতি দান করবেন, যে ব্যক্তি লোক দেখানোর জন্য আমল করবে, আল্লাহ তা লোক দেখানোর ব্যবস্থা করে দিবেন।” [1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৯৮৭; সহীহ আল বুখারী: ৬৪৯৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৩৪; মুসনাদ আহমাদ: ৪/৩১৩;

ইবনু মাজাহ: ৪২০৭; হুমাইদী: ৭১৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাকুল হিসান: ৪০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালামা ইবন কুহায়াল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন